দৈনিক ইনকিলাব

55

তারিখ ... 19 JUL 1998 ... ...
পৃষ্ঠা: 12 কলাম 2......

# প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের ৯ দফা মেনে নেয়ার আহবান

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের ৯ দফা দাবী আদায়ের লক্ষ্যে সর্বস্তরের ডিপিই, টিইও ও এটিইও আন্দোলনে নেমেছে। গতকাল (শনিবার) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ঐক্য পরিষদের নেতৃবৃন্দ বক্তব্য দানকালে বলেন, প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনায় দ্বৈত প্রশাসন বিরাজমান থাকায় অভিজ্ঞতাবিহীন কলেজ শিক্ষকদের ভ্রান্ত পরিচালনায় ২০০২ সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম আদৌ সম্ভব কি-না তা এখন ভেবে দেখতে হবে। সভায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নিয়োগ বিধি/৮৯ সংশোধন, প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠন, প্রাথমিক শিক্ষা অধিদফতরে প্রেষণে নিয়োজিত কলেজ শিক্ষকসহ সকল বহিরাগত প্রত্যাহারকরণ, ডিপিইও এবং এডিপিওদের বেতন স্কেল উন্নীতকরণ, টিইওদের একশত ভাগ পদোন্নতি দান, এটিইওদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদান, আবাসনের ব্যবস্থা ও ৮০% পদোন্নতি দানসহ তাদের সকল দাবী-দাওয়া মেনে নিয়ে সকল জটিলতার নিরসনের আবেদন জানানো হয়। সভায় বক্তব্য রাখেন পরিষদের সভাপতি মোঃ শাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মোঃ সুলতান মিয়া, টিইও সভাপতি গিয়াস উদ্দিন ও এটিইও সভাপতি নূরুজ্জামান। বক্তাগণ বলেন, আগামী ৩১ অক্টোবরের মধ্যে যদি সকল দাবী মেনে না নেয়া হয় তবে তারা বৃহত্তর কর্মসূচী দিতে বাধ্য থাকবে।